# ডিজিটাল ড্রিমার ডিভাইস ব্যবহারকারীর চুক্তি SY23-24

DeKalb County School District শিক্ষাবর্ষ (SY 2023 - 2024) চলাকালে ব্যবহারের জন্য Pre-K – 12 গ্রেডের শিক্ষার্থীদের একটি ক্রোমবুক বরাদ্দ করবে। ক্রোমবুকগুলো DCSD (DeKalb County School District) এর সম্পত্তি এবং ডিসট্রিক্ট থেকে প্রত্যাহার এবং / বা বছর সমাপ্তির সংগ্রহকালে অবশ্যই তা ফিরিয়ে দিতে হবে।

অভিভাবক এবং শিক্ষার্থীদের আচরণ ও প্রযুক্তি ব্যবহার সম্পর্কিত এই নথির গাইডলাইন এবং স্কুল, শ্রেণিকক্ষ ও স্কুল ডিস্ট্রিক্টের সমস্ত নীতি ও পদ্ধতি পড়তে, তাতে স্বাক্ষর করতে এবং তা অনুসরণ করতে হবে।

যোগাযোগের ব্যক্তি: আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে অনুগ্রহ করে স্কুল প্রশাসনের সঙ্গে যোগাযোগ করবেন।

## ক্রোমবুক চুক্তি

ডিভাইস গ্রহণ

ডিভাইস বরাদ্দ করার আগে বাবা-মা ও শিক্ষার্থীদের অবশ্যই এই চুক্তিতে স্বাক্ষর করে ফেরত পাঠাতে হবে।

ডিভাইস ফেরত দান

স্কুল শিক্ষাবর্ষের শেষে ডিভাইসগুলো স্কুলে ফেরত আসবে। DCSD এর সরবরাহ করা ডিভাইসগুলোর ব্যবহার কারও কাছে হস্তান্তরযোগ্য নয় এবং শিক্ষার্থী আর প্রদানকারী স্কুলে ভর্তি না থাকলে সেটার সমাপ্তি ঘটে।

যেসব শিক্ষার্থীরা স্কুল থেকে স্থানান্তরিত হয়, প্রত্যাহার করে, বহিষ্কৃত হয় বা যে কোনো কারণে তাদের ভর্তি বাতিল করে, তাদেরকে অবশ্যই প্রত্যাহার/সমাপ্তিকরণের তারিখে তাদের ডিভাইসটি ফেরত দিতে হবে।

যে সকল শিক্ষার্থী ডিভাইস ফেরত দেবে না তাদের ডিভাইসের সম্পূর্ণ রিপ্লেসমেন্টের খরচ ও তার আনুষাঙ্গিক সরঞ্জাম হিসেবে $454.23 দিতে হবে।

ক্ষতি

শিক্ষার্থীকে বরাদ্দ করার সময় কোনো ডিভাইস ইচ্ছাকৃতভাবে বা অবহেলার জন্য ক্ষতিগ্রস্ত, ক্ষয়প্রাপ্ত বা চুরি হলে শিক্ষার্থী এবং শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক এই নথিতে বর্ণিত জরিমানা দেয়ার জন্য দায়ী হবেন।

অবহেলা

একই স্কুল শিক্ষাবর্ষে কোনো ডিভাইস একাধিকবার ক্ষতিগ্রস্থ হলে ডিস্ট্রিক্ট প্রশাসন $454.23 ক্রোমবুকের পূর্ণ রিপ্লেসমেন্টেরসহ করণীয় পদক্ষেপ নির্ধারণ করবে।

ডিভাইসের দায়িত্বপূর্ণ ব্যবহার

ডিস্ট্রিক্ট এর বরাদ্দ করা ডিভাইসের সব ব্যবহারকারীকে আবশ্যিকভাবে ডিস্ট্রিক্ট এর নীতি এবং নির্দেশিকা *FBGA-তে বর্ণিত প্রত্যাশা অনুসরণ করতে হবে: এন্ট্রারপ্রাইজ নেটওয়ার্ক, JD-র দায়িত্বশীল ব্যবহার: শিক্ষার্থীর শৃঙ্খলা/শিক্ষার্থীর আচরণ সংহিতা,* এবং *JS: শিক্ষার্থীদের জরিমানা, মাশুল এবং ফি।* এসব প্রত্যাশা পূরণ করতে না পারলে শিক্ষার্থী শৃঙ্খলামূলক ব্যবস্থার আওতায় আসতে পারে। ডিস্ট্রিক্টের নীতিসমূহ এখানে পাওয়া যাবে www.dekalbschoolsga.org ।

স্কুল চত্বরের বাইরে শিক্ষার্থীদের ডিভাইস ব্যবহার পর্যবেক্ষণের জন্য এককভাবে দায়বদ্ধ হলেন বাবা-মা/অভিভাবক। শিক্ষার্থী কোনো সময়েই, কোনো স্থানে ডিভাইসটি দিয়ে অন্যায় আচরণ করবে না বা ডিভাইসটি দিয়ে নিষিদ্ধ উপকরণে প্রবেশ করবে না। স্কুল চত্বরের ভিতরে বা বাইরে অনুপযুক্ত ক্রিয়াকলাপের জন্য ডিভাইসটি ব্যবহার করলে শিক্ষার্থীরা শৃঙ্খলামূলক এবং/অথবা আইনি ব্যবস্থার আওতায় আসবে।

গোপনীয়তা

ডিস্ট্রিক্ট-এর বরাদ্দকৃত ডিভাইসগুলো DCSD এর সম্পত্তি। একইভাবে ডিভাইসে সম্পাদিত কোনো কিছুই ব্যক্তিগত নয়। এর অর্থ হল DCSD কর্মীরা যে কোনো সময় ডিসট্রিক্ট-এর বরাদ্দকৃত ইলেকট্রনিক ডিভাইসের বিষয়বস্তু জব্দ এবং অনুসন্ধান করতে পারবেন। হারিয়ে যাওয়া বা চুরির ঘটনায় ক্রোমবুক নিষ্ক্রিয় করা হবে।

DeKalb County School District শিশুদের অনলাইন গোপনীয়তা সুরক্ষা আইন (COPPA), শিশুদের ইন্টারনেট সুরক্ষা আইন (CIPA) এবং পারিবারিক শিক্ষা অধিকার এবং গোপনীয়তা আইন (FERPA) এর সমস্ত বিষয়কে মেনে নেয়।

DeKalb County School District শিক্ষার্থীদের বাড়ির নেটওয়ার্ক, ডিভাইস বা ইন্টারনেট সংযোগ পরীক্ষা করে না। ডিস্ট্রিক্টের বরাদ্দকৃত ডিভাইসগুলোর ব্যবহার পর্যবেক্ষণ করে ডিস্ট্রিক্ট। তদুপরি, DCSD ডিভাইসটির ক্ষতি বা চুরির ঘটনায় ডিস্ট্রিক্টের বরাদ্দকৃত ডিভাইসগুলোর অবস্থান ট্রাক করে ডিস্ট্রিক্ট।

অ্যাপ্লিকেশন

যেসব মূল অ্যাপ্লিকেশন ডিভাইসে পূর্বেই ইনস্টল করা হবে DeKalb County School District সেগুলো খতিয়ে দেখেছে। শেখার কাজে সাহায্যের জন্য পুরো বছর জুড়ে অতিরিক্ত অ্যাপ্লিকেশন যোগ করা হতে পারে। অ্যাপ্লিকেশন ক্রয় এবং ইনস্টল করার জন্য DeKalb County School District দায়বদ্ধ থাকবে।

<u>অনুমোদিত স্কুল কর্মী ছাড়া অন্য কেউ ডিসট্রিক্টের বরাদ্দকৃত ডিভাইসে কোনো</u> অ্যাপ্লিকেশন যুক্ত করতে বা সেখান থেকে মুছতে পারবে না। ডিভাইসটির "পরিবর্তন" বা হ্যাকিং করাও অনুমোদিত নয়।

ডিভাইসের ক্ষয়ক্ষতি, চুরি বা হারানোর জন্য জরিমানা

কোনো কারণে ইচ্ছাকৃতভাবে বা অবহেলায় শিক্ষার্থীকে বরাদ্দ করার সময় কোনো ডিভাইস এবং আনুষাঙ্গিক উপকরণ হারিয়ে গেলে বা চুরি হলে শিক্ষার্থী এবং বাবা-মা/অভিভাবক নিম্নলিখিত ফি প্রদানের জন্য দায়বদ্ধ:

ক্রোমবুক ডিভাইসের জন্য ক্রোমবুক / আনুষাঙ্গিক উপকরণ রিপ্লেসমেন্ট

| | |
|---|---|
| হারানো/চুরি যাওয়া/ক্ষতি মেরামত অনুপোযোগী | • $454.23 |
| ক্ষতিগ্রস্থ- মেরামতযোগ্য | • ঘরে মেরামত করা যাবে কিনা তা নির্ধারণ করার জন্য DCSD টিম ক্ষতিগ্রস্ত ডিভাইস মূল্যায়ন করবে। মেরামতের অযোগ্যভাবে ক্ষতিগ্রস্ত হলে সম্পূর্ণ রিপ্লেসমেন্ট ফি প্রদানের প্রয়োজন হবে। উপরে দেখুন। |
| কেবল আনুষঙ্গিক উপকরণ | • Acer Spin511, 311 ও 712 পাওয়ার অ্যাডাপ্টার $41.00<br>• Acer Chrome Tab 10 পাওয়ার অ্যাডাপ্টার: $41.00<br>• Chromebook গাম ড্রপ কেস $15.42 |

**ডিভাইসের পূর্ণ রিপ্লেসমেন্টের খরচ, যার মধ্যে ডিভাইস, সব আনুষাঙ্গিক উপকরণ, সফটওয়্যার লাইসেন্স এবং সেটআপের খরচ অন্তর্ভুক্ত থাকবে।*

চুরি:

শিক্ষার্থীকে বরাদ্দ করার সময় ডিভাইসটি চুরি হয়ে থাকলে শিক্ষার্থী এবং বাবা-মা/অভিভাবক এর জন্য দায়ী থাকবেন:

- স্কুল প্রশাসনকে অবহিতকরণ
- পুলিশ প্রতিবেদন নথিভুক্তকরণ
- সম্পূর্ণ রিপ্লেসমেন্ট ফি প্রদান

স্কুল থেকে স্থানান্তর/প্রত্যাহারের সময় কোনো ডিভাইস বা আনুষাঙ্গিক উপকরণ ফেরত দিতে ব্যর্থতা:

অন্য স্কুলে চলে যায় বা নাম কাটিয়ে নেয় এমন কোনো শিক্ষার্থী কোনো ডিভাইস বা আনুষাঙ্গিক উপকরণ ফেরত দিতে না পারলে সে ক্রোমবুক ও গাম ড্রপ কেসের জন্য $454.23 (পূর্ণ প্রতিস্থাপন ফি) প্রদানের ব্যাপারে দায়বদ্ধ থাকবে।

## বাবা-মার অনুমতি ও নিষ্কৃতি

এই চুক্তি স্বাক্ষর করে আপনি উল্লেখ করছেন যে, আপনি এই নথির গাইডলাইন পড়েছেন ও বুঝতে পেরেছেন এবং আপনার শিক্ষার্থীকে ডিভাইস বরাদ্দ করার বিষয়টি মেনে নিয়েছেন। আপনি বুঝতে পেরেছেন যে, ক্রোমবুকগুলো DCSD এর সম্পত্তি এবং ডিসট্রিক্ট থেকে প্রত্যাহার এবং/বা বছর সমাপ্তির সংগ্রহকালে অবশ্যই তা ফিরিয়ে দিতে হবে। আপনি বুঝতে পেরেছেন যে, আপনার শিক্ষার্থী তার তত্ত্বাবধানে থাকার সময় ডিভাইস এবং আনুষাঙ্গিক উপকরণের ক্ষতি, বা চুরির জন্য দায়ী এবং এই নথিতে বর্ণিত জরিমানার ব্যাপারে সম্মত।

আপনি বুঝেছেন এবং সম্মত হচ্ছেন যে, স্কুল প্রাঙ্গণের বাইরে থাকার সময় শিক্ষার্থী কিভাবে ডিভাইসটি ব্যবহার করছে এবং কোনো ওয়্যারলেস নেটওয়ার্কের মাধ্যমে কী কী বিষয়ে প্রবেশ করছে তা নিরীক্ষণ করার জন্য শুধু আপনিই দায়ী থাকবেন। আপনি বুঝেছেন যে, শিক্ষার্থী স্কুলের ভিতরে বা বাইরে অনভিপ্রেত বা নিষিদ্ধ কার্যকলাপে ডিভাইসটি ব্যবহার করলে শিক্ষার্থী শৃঙ্খলামূলক পদক্ষেপের আওতায় আসবে।

আপনি এবং আপনার শিক্ষার্থী সম্মত আছেন যে, সরঞ্জামের ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত অপব্যবহার, টেম্পারিং, হ্যাকিং বা বিকৃতির কারণে ক্ষতির জন্য DeKalb County School District দায়বদ্ধ নয়। DeKalb County School District-এর ইন্টারনেটের গ্রহণযোগ্য ব্যবহার চুক্তি মেনে চলে না এমন যে কোনো ব্যবহারকারী শিক্ষার্থী স্থানীয় স্কুল প্রশাসনের আরোপিত শৃঙ্খলামূলক ব্যবস্থার আওতায় আসবে। শিক্ষার্থীর লঙ্ঘনও যথাযথ শৃঙ্খলামূলক ব্যবস্থার আওতায় আসবে এবং প্রবেশাধিকার সংক্রান্ত সুবিধার স্থগিতকরণ বা সমাপ্তিকরণও হতে পারে।

পিতামাতা/অভিভাবকের নাম

(অনুগ্রহ করে লিখুন): ______________________________

বাবা-মা/অভিভাবকের স্বাক্ষর: ______________________________ তারিখ: __________

DeKalb County School District

Digital Dreamers

## শিক্ষার্থীর সম্মতি ও স্বাক্ষর

1. আমি আমার স্কুলের বরাদ্দকৃত ডিভাইসের ক্ষেত্রে যত্নশীল হব।
   a. ক্ষয়ক্ষতি রোধ করতে কর্ড এবং তার ডিভাইসে যত্নসহ ঢোকাতে হবে।
   b. ডিভাইস অবশ্যই কখনো খোলা লকার, গাড়ি বা তত্ত্বাবধানহীন কোনো স্থানে রাখা যাবে না।
   c. যে কোনো সফটওয়্যার/হার্ডওয়্যার সমস্যার ক্ষেত্রে শিক্ষার্থী হেল্পডেস্ক পোর্টাল - Incident IQ এর মাধ্যমে যোগাযোগ করবে।
   d. ব্যবহার না করা অবস্থায় ডিভাইসটি কোনো সুরক্ষিত, তাপমাত্রা-নিয়ন্ত্রিত পরিবেশে রাখবে।
2. আমি কখনোই অন্য কাউকে স্কুল থেকে বরাদ্দ করা ডিভাইসটি ধার দেব না।
3. আমি খাবার এবং পানীয় আমার ডিভাইস থেকে দূরে রাখব।
4. আমি আমার বা স্কুলের বরাদ্দকৃত কোনো ডিভাইসের কোনো অংশ বা ডিভাইস বিচ্ছিন্ন, পরিবর্তন বা হ্যাক করব না।
5. আমি আমার ডিভাইসে কোনো মেরামত করার চেষ্টা করব না।
6. আমি আমার স্কুলের বরাদ্দকৃত ডিভাইসটি প্রদত্ত কেসে করে বহন করে তা রক্ষা করব।
7. আমি এমনভাবে স্কুল থেকে দেওয়া ডিভাইসটি ব্যবহার করব যা যথাযথ এবং স্কুলের প্রত্যাশামাফিক হবে-তা সে স্কুলে, ঘরে বা অন্য কোথাওই হোক। আমি আমার ডিভাইসটিকে কোনো অনুপযুক্ত উপায়ে ব্যবহার করলে আমার স্কুল কর্তৃক শৃঙ্খলামূলক পদক্ষেপের আওতায় থাকব।
8. আমি স্কুলের বরাদ্দকৃত ডিভাইসে সজ্জা (যেমন স্টিকার, চিহ্নিতকারী ইত্যাদি) যুক্ত করব না। আমি স্কুল থেকে বরাদ্দ করা কোনো ডিভাইসের ক্রমিক সংখ্যার স্টিকার বিকৃত করব না।
9. আমি বুঝেছি যে, আমার স্কুলের বরাদ্দকৃত ডিভাইসটি যে কোনো সময় কোনো বিজ্ঞপ্তি ছাড়াই পরিদর্শন ও নিরীক্ষা করা যাবে। আমি ডিভাইসটিতে যা কিছু করি তা ব্যক্তিগত নয়।
10. আমি আমার পাসওয়ার্ড(গুলি) স্কুলের কোনো শিক্ষক বা প্রাপ্তবয়স্ক বা আমার বাবা-মা/অভিভাবক ছাড়া আর কারো সাথে শেয়ার করব না।
11. আমি বুঝতে পারছি যে, ক্রোমবুকগুলো DCSD এর সম্পত্তি এবং ডিসট্রিক্ট থেকে প্রত্যাহার এবং/বা একাডেমিক বছর সমাপ্তির সংগ্রহকালে অবশ্যই তা ফিরিয়ে দিতে হবে।
12. আমি বুঝেছি যে, আমি আমার ডিভাইসের ক্ষতি করলে বা তা হারিয়ে ফেললে বা সেটি চুরি হলে আমি ডিভাইসটি রিপ্লেসমেন্টের ব্যয় বহন করব।

আমি ডিভাইস ব্যবহারকারীর চুক্তি এবং শিক্ষার্থীর চুক্তিতে স্থাপিত বিধিসমূহে সম্মতি দিচ্ছি।

শিক্ষার্থীর নাম (অনুগ্রহ করে লিখ): ______________________________

শিক্ষার্থীর স্বাক্ষর: ______________________________ তারিখ: __________